স্বৈরাচার ও গুপ্ত আবার একসঙ্গে হয়েছে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বিরোধী দল জামায়াত ও নিষিদ্ধ আওয়ামী লীগকে ইঙ্গিত করে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, গত জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে গুপ্ত বাহিনীর সঙ্গে পালিয়ে যাওয়া শক্তির গোপন যোগাযোগ হয়েছে। তাদের রাজনীতি বরাবরই এক ছিল বলেও মন্তব্য করেন তিনি।

বৃহস্পতিবার (১ অক্টোবর) ফেনীর ফুলগাজী সরকারি পাইলট হাই স্কুল মাঠে ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড এবং মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেম ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ের কর্মীদের মাসিক সম্মানী প্রদান অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় এসব কথা বলেন প্রধানমন্ত্রী।

তারেক রহমান বলেন, যারা গুপ্ত ও স্বৈরাচারী রাজনীতি করে, তাদের বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। এসব দলের মূল লক্ষ্য শুধু ক্ষমতায় যাওয়া; জনগণের জন্য তাদের কোনো কর্মসূচি নেই। অন্যদিকে বিএনপি কাজের মাধ্যমে জনগণের জন্য কাজ করার বিষয়টি প্রমাণ করেছে বলে মন্তব্য করেন তিনি।

দেশে অরাজকতা তৈরির চেষ্টা করছে এমন কিছু মানুষের ব্যাপারেও সতর্ক থাকার আহ্বান জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, একদল এক দফার কথা বলছে, আরেক দল ভারত পালিয়ে গেছে—জনগণের জন্য তাদের কোনো কর্মসূচি আছে কি না, সেটিও বিবেচনা করতে হবে।